

35

আগামীকালের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার দাবী

৩৩

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক জরুরী সাধারণ সভায় ছাত্র-শিক্ষক ও কর্মচারীদের নিরাপত্তা, বিধান করে আগামীকাল বৃহবারের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার জন্য সিডিকেটের কাছে দাবী জানানো হয়েছে। সভায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সকল কর্মসূচীর সঙ্গে একাত্মতা প্রকাশ করা হয় এবং শিক্ষা প্রতিষ্ঠান (শান্তি-স্বাধীনতা)

অধ্যাদেশ '৯০ বাতিলকল্পে অবিলম্বে প্রতীক অনশন ধর্মঘটের সিদ্ধান্ত নেয়া হয়। আগামীকাল বিকেল সাড়ে পাঁচটায় শিক্ষক সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

১৩ই নভেম্বর বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মহাসমাবেশ গতকাল বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের স্ট্যাণ্ডিং কমিটির এক সভায় শিক্ষা প্রতিষ্ঠান (শান্তি-স্বাধীনতা) অধ্যাদেশ '৯০ বাতিল এবং বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠান (শেখ পৃঃ ৭-এর কঃ ৫ঃ)

ছাত্রদের প্রতিবাদ দিবস

(১ম পাতার পর)

মহমান হাবিব ও শকী আহমেদ বক্তব্য রাখেন।

তারা বলেন, কার্য ১৪৪ ধারা জারি করে সরকার আন্দোলন দমন করার যে নতুন কৌশল নিয়েছিল ছাত্রসমাজ ১৪৪ ধারা ভঙ্গ করে তার জবাব দিয়েছে।

গতকাল সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট কার্যালয়ে শাহেদ রেজা পলাশের সভাপতিত্বে অনুষ্ঠিত মহানগর সর্বদলীয় ছাত্রঐক্যের এক সভায় ছাত্র মিছিলে লাঠিচার্জের প্রতিবাদে আগামীকাল বৃহবারে মহানগরীর ১৪টি থানায় সমাবেশ ও বিক্ষোভ মিছিলের কর্মসূচী নেয়া হয়। এ ছাড়া সভায় ৮ই নভেম্বরের রাত্রি পতি সচিবালয়ের সামনে বিক্ষোভ সমাবেশসহ ঘোষিত অন্যান্য কর্মসূচী সফল করার আহ্বান জানানো হয়।

৩ই লাঠিচার্জের প্রতিবাদে জাতীয় ছাত্রলীগ গতকাল মিছিলশেবে প্রেসক্লাবের সামনে সভা করেছে। লাঠিচার্জে আহত জাতীয় ছাত্রলীগ নেতা জাহাঙ্গীর সান্তার টিংকুরে দেখতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, কয়েকজন সাবেক ও বর্তমান ছাত্রনেতা ও শিল্পী টিংকুরে বাসভবনে যান। শব্দ সংবাদ বিজ্ঞপ্তির।

আরো নিন্দা

ছাত্র মিছিলে লাঠিচার্জের প্রতিবাদে আরো কয়েকটি সংগঠন গতকাল বিবৃতি দিয়েছে। তাদের মধ্যে রয়েছে বঙ্গবন্ধু পরিষদ, জাতীয় জনতা পার্টি, জাতীয় যুবলীগ, জাতীয় যুব আন্দোলন, মহানগর জাতীয় ছাত্রলীগ, জাতীয় ছাত্র ফ্রন্ট, ঢাকাসু'র ভিপি নাজিমউদ্দিন আহমেদ প্রমুখ।